# ২০২০

# বাংলা - সাধারণ

## পঞ্চম সেমেস্টার

## পত্র : SEC-A-1

## (মুদ্রণ ও প্রকাশনা)

## পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) পত্রিকার পঞ্জিকরণ কীভাবে করা হয় উদাহরণ দিয়ে লেখো। ১০

*অথবা,*

(খ) নমুনাসহ অ্যাসাইনমেন্ট কভারপেজ কেমন হবে লেখো। ১০

২। (ক) ফাইল মেনু কী? ফাইল মেনুর সাব-মেনুগুলির কাজ কী কী লেখো। ১০

*অথবা,*

(খ) ইনডিজাইন টেক্সট কী কী ভাবে করা যায়, বিশ্লেষণ করো। ১০

৩। (ক) মুদ্রণ প্রমাদ সংশোধনের সময় প্রুফ রিডারকে কোন্ কোন্ বিষয়ে সতর্ক থাকতে হবে তা আলোচনা করো। ১০

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো। ১০

পরিসেবা, অপরিস্কার, নীরিহ, মুহূর্ত, উচ্ছাস, রসায়ণ, আকাঙ্খা, অপশারণ, অকর্মন্য, জিবীকা।

*অথবা,*

(খ) বই মার্কেটিং-এর প্রচলিত পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) একটি সার্থক পাণ্ডুলিপি লেখার নিয়মগুলি কী কী?

(খ) সম্পাদনা বলতে কী বোঝায় সংক্ষেপে বিবৃত করো।

(গ) যুক্তবর্ণ কাকে বলে? বাংলায় ব্যবহৃত ৪টি যুক্তবর্ণের প্রয়োগ লেখো ও উদাহরণ দাও।

(ঘ) টুলবারের কাজ সম্পর্কে লেখো।

(ঙ) পেজ মেকার কীভাবে কাজ করে?

(চ) টীকা লেখো— গ্রন্থের টাইটেল পেজ।

(ছ) গুটেনবার্গ মুদ্রণপদ্ধতি নিয়ে আলোচনা করো।

(জ) বই বাইন্ডিং-এর যে-কোনো একটি পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানাও।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) স্ক্রিপ্ট-এর বাংলা কী?

(খ) 'কাণ্ড' বানান ভেঙে লেখো।

(গ) 'হ্ম' এই যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমষ্টি?

(ঘ) সাময়িক পত্রের চতুর্থ কভারের উপরের মার্জিনে কী থাকে?

(ঙ) সম্পাদনা যিনি করেন তাঁকে কী বলা হয়?

(চ) রয়্যালটি বলতে কী বোঝো?

(ছ) 'কোরেল ড্র' সাধারণত কোন উইন্ডোজের জন্য তৈরি হয়েছিল?

(জ) 'ব্যাকস্পেস কী' (Backspace Key) কোন কাজ করে?

(ঝ) মাইক্রোসফ্‌ট ওয়ার্ডের সংক্ষেপে কী নাম?

(ঞ) 'কন্ট্রোল এস'-এর (ctrl+s) কাজ কী?

(ট) 'এফ ড্যাস টুয়েলভ' (F–12) কী কাজ করে?

(ঠ) ইনডিজাইনের পূর্বনামটি লেখো।

(ড) ইনডিজাইনার কোন কোন দুটি সফ্‌টওয়্যারের মাঝখানে কাজ করে?

(ঢ) কোন শতকে চীনে কাগজ তৈরি হয়?

(ণ) কাদের থেকে ভারতীয়রা মুদ্রণ যন্ত্রের ব্যবহার শেখে?

(ত) প্রথম মার্জিত হরফ নির্মাতা পঞ্চানন কর্মকারের বাড়ি কোথায় ছিল?

(থ) লাইনো টাইপে মুদ্রিত বাংলা ভাষার প্রথম গ্রন্থটি কী?

(দ) 'ইউ রায় এন্ড সন্স'— কে প্রতিষ্ঠা করেন?

(ধ) মুদ্রণ শিল্পের জনক কাকে বলা হয়?

(ন) ফোটো এনগ্রেভিং ও লিথোগ্রাফি শিখতে বাংলার কোন কবি লন্ডনে গেছিলেন?